



D.O. No..... Date .....

Sudip Roy Barman বিশ্ব অ্যান্টিবায়োটিক সচেতনতা সপ্তাহ উপলক্ষে  
মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী, ত্রিপুরা সরকার এর আবেদন

১২-১৮ নভেম্বর, ২০১৮ বিশ্ব অ্যান্টিবায়োটিক সচেতনতা সপ্তাহ। এ বছরের ভাবনা হল ‘পরিবর্তন অপেক্ষা করবে না: অ্যান্টিবায়োটিক উপর নির্ভরতা কাটানোর সময় চলে যাচ্ছে’। চিকিৎসাবিজ্ঞান অনুসারে রোগ মুক্তির ক্ষেত্রে অ্যান্টিবায়োটিকের কার্যকরী ভূমিকা রয়েছে। চিকিৎসকের পরামর্শ অনুসারে অ্যান্টিবায়োটিক গ্রহণ জরুরী। কিন্তু অনেক ক্ষেত্রেই চিকিৎসকের পরামর্শ ছাড়াও অ্যান্টিবায়োটিক গ্রহণের প্রবণতা দেখা যায়। দ্রুত রোগীকে সুস্থ করার জন্য ও প্রয়োজন ছাড়াও যথেষ্টভাবে অ্যান্টিবায়োটিক প্রেসক্রাইব করারও অভিযোগ পাওয়া যায়। কিন্তু মনে রাখতে হবে যথেষ্টভাবে অ্যান্টিবায়োটিক গ্রহণের ফলে অ্যান্টিমাইক্রোবায়াল রেজিস্টেন্স (এএমআর) জনস্বাস্থ্যের পক্ষে বিপজ্জনক হয়ে দাঁড়িয়েছে। এক্ষেত্রে দ্রুত ব্যবস্থা গ্রহণ জরুরী। অ্যান্টি মাইক্রোবায়াল রেজিস্টেন্স হল ব্যাকটেরিয়া, ভাইরাস এবং কিছু প্যারাসাইট ইত্যাদি মাইক্রোঅর্গানিজমের উপর আর কাজ না করা। এর ফলে সঠিক চিকিৎসার কার্যকারিতা নষ্ট হয়ে যায়, সংক্রমণ থেকে যায় এবং অন্যদের মধ্যে ছড়াতে সাহায্য করে। আমি প্রত্যাশা করছি যে অ্যান্টিবায়োটিকের যথেষ্ট ও অপ্রয়োজনীয় ব্যবহার রোধ করতে চিকিৎসকদের মানবিক দৃষ্টিভঙ্গি নিয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা দরকার।

সুদীপ রায় বর্মান  
(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী  
ত্রিপুরা সরকার